

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ হেদায়াত, কবর, অনুবাদ, আয়াতসমূহের মর্যাদা, রাসূলুল্লাহ (ﷺ) এর আত্মীয়গণ, মিরাজ, কিয়ামতের আলামত ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৮. দাজ্জাল

দাজ্জাল অর্থ প্রতারক। ইসলামী পরিভাষায় কিয়ামতের পূর্বে যে মহা প্রতারকের আবির্ভাব হবে তাকে 'মাসীহ দাজ্জাল' বলা হয়। যে নিজেকে 'ঈশ্বর' বা 'ঐশ্বরিক শক্তির অধিকারী ব্যক্তিত্ব' বলে দাবি করবে এবং তার ঈশ্বরত্ব প্রমাণের জন্য বহু অলৌকিক কর্মকাণ্ড দেখাবে। অনেক মানুষ তাকে বিশ্বাস করে ঈমানহারা হবে। দাজ্জাল বিষয়ক হাদীসগুলো মৃতাওয়াতির পর্যায়ের। এখানে কয়েকটি হাদীস উল্লেখ করছি।

(১) আব্দুল্লাহ ইবন উমার (রা) বলেন:

ثُمَّ ذَكَرَ الدَّجَّالَ، فَقَالَ: إِنِّى لأَنْذِرُكُمُوهُ، وَمَا مِنْ نَبِيِّ إِلاَّ أَنْذَرَهُ قَوْمَهُ... وَلَكِنِّى أَقُولُ لَكُمْ فِيهِ قَوْلاً لَمْ يَقُلْهُ نَبِيِّ إِلاَّ أَنْذَرَهُ قَوْمَهُ... وَلَكِنِّى أَقُولُ لَكُمْ فِيهِ قَوْلاً لَمْ يَقُلْهُ نَبِيِّ إِلاَّ أَنْذَرَهُ قَوْمَهُ... وَلَكِنِّى أَقُولُ لَكُمْ فِيهِ قَوْلاً لَمْ يَقُلْهُ نَبِيٍّ إِلاَّ أَنْذَرَهُ قَوْمَهُ...

"রাসূলুল্লাহ (ﷺ)... দাজ্জালের কথা উল্লেখ করেন। তিনি বলেন: আমি তোমাদেরকে তার বিষয়ে সতর্ক করছি। প্রত্যেক নবীই তাঁর জাতিকে দাজ্জালের বিষয়ে সতর্ক করেছেন। তবে পূর্ববর্তী কোনো নবী তাঁর জাতিকে যে কথা বলেন নি আমি তোমাদেরকে সে কথা বলছি। তোমরা জেনে রাখ যে, দাজ্জাল কানা (একটি চক্ষু নষ্ট) আর আল্লাহ কানা নন।[1]

(২) আবৃ হুরাইরা (রা) বলেন, রাসূলুল্লাহ (া) বলেন:

أَلاَ أُخْبِرُكُمْ عَنِ الدَّجَّالِ حَدِيثًا مَا حَدَّثَهُ نَبِيٌّ قَوْمَهُ إِنَّهُ أَعْوَرُ وَإِنَّهُ يَجِيءُ مَعَهُ مِثْلُ الْجَنَّةِ وَالنَّارِ فَالَّتِي يَقُولُ إِنَّهَ الْجَنَّةُ هِيَ النَّارُ.

"আমি তোমাদেরকে দাজ্জালের বিষয়ে একটি কথা বলব যা কোনো নবী তাঁর জাতিকে বলেন নি; তা হলো যে, দাজ্জাল কানা। আর সে তার সাথে জান্নাত ও জাহান্নামের নমুনা নিয়ে আসবে। যাকে সে জান্নাত বলবে সেটিই জাহান্নাম।"[2]

(৩) আবৃ সায়ীদ খুদরী (রা) বলেন,

حَدَّثَنَا رَسُولُ اللَّهِ ﷺ حَديثًا طَوِيلاً عَن الدَّجَّالِ، فَكَانَ فِيمَا حَدَّثَنَا بِهِ أَنْ قَالَ: يَأْتِي الدَّجَّالُ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْهِ أَنْ



يَدْخُلَ نِقَابَ الْمَدِينَةِ ـ بَعْضَ السِّبَاخِ الَّتِي بِالْمَدِينَةِ ، فَيَخْرُجُ إِلَيْهِ يَوْمَئِذِ رَجُلٌ، هُوَ خَيْرُ النَّاسِ ـ أَقْ مِنْ خَيْرِ النَّاسِ ـ فَيَقُولُ أَشْهَدُ أَنَّكَ الدَّجَّالُ ، الَّذِي حَدَّثَنَا عَنْكَ رَسُولُ اللَّهِ عَلَّى حَدِيثَهُ ، فَيَقُولُ الدَّجَّالُ أَرَأَيْتَ إِنْ قَتَلْتُ هَذَا ثُمَّ أَحْيِيهِ فَيَقُولُ حِينَ يُحْيِيهِ وَاللَّهِ مَا كُنْتُ قَطُّ أَشَدَّ هَذَا ثُمَّ أَحْيَيْتُهُ ، هَلْ تَشْكُونَ فِي الأَمْرِ فَيَقُولُونَ لاَ. فَيَقْتُلُهُ ثُمَّ يُحْيِيهِ فَيَقُولُ حِينَ يُحْيِيهِ وَاللَّهِ مَا كُنْتُ قَطُّ أَشَدَّ بَصِيرَةً مِنِي الْيَوْمَ، فَيَقُولُ الدَّجَّالُ أَقْتُلُهُ فَلاَ أُسَلَّطُ عَلَيْهِ.

"রাসূলুল্লাহ (ﷺ) একদিন আমাদেরকে দাজ্জালের বিষয়ে দীর্ঘ কথা বললেন। তাঁর কথার মধ্যে তিনি বলেন: দাজ্জালের জন্য মদীনার মধ্যে প্রবেশ করা নিষিদ্ধ। এজন্য সে মদীনার পার্শবর্তী মরুপ্রান্তরে আগমন করবে। তখন এক ব্যক্তি (মদীনা থেকে) বেরিয়ে তার কাছে গমন করবে, যে সে সময়ের শ্রেষ্ট মানুষ বা শ্রেষ্ঠ মানুষদের একজন। সে বলবে, আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমিই সেই দাজ্জাল যার কথা রাসূলুল্লাহ (ﷺ) আমাদেরকে তাঁর হাদীসের মধ্যে জানিয়েছেন। তখন দাজ্জাল (উপস্থিত অনুসারীদেরকে) বলবে: আমি যদি এ ব্যক্তিকে হত্যা করে পুনরায় জীবিত করি তবে কি তোমরা আমার (ঈশ্বরত্বের) বিষয়ে সন্দেহ করবে? তারা বলবে: না। তখন দাজ্জাল সে ব্যক্তিকে হত্যা করবে তারপর জীবিত করবে। তখন সে ব্যক্তি বলবে: আল্লাহর কসম, তোমার (দাজ্জাল হওয়ার) বিষয়ে আমি পূর্বের চেয়ে এখন আরো বেশি সুনিশ্চিত হলাম। তখন দাজ্জাল তাকে হত্যা করার চেষ্টা করবে কিন্তু সে তার উপর আর কর্তৃত্ব পাবে না (সে তার কোনো ক্ষতি করতে সক্ষম হবে না)।"[3]

مَا بَعَثَ اللَّهُ مِنْ نَبِيِّ إِلاَّ أَنْذَرَ قَوْمَهُ الأَعْوَرَ الْكَذَّابَ ، إِنَّهُ أَعْوَرُ ، وَإِنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَعْوَرَ ، مَكْتُوبٌ بَيْنَ عَيْنَيْهِ كَافِرٌ

"যত নবী প্রেরিত হয়েছেন সকলেই কানা মিথ্যাবাদীর বিষয়ে তার উম্মাতকে সতর্ক করেছেন। তোমরা সতর্ক থাকবে। সে কানা আর তোমাদের প্রতিপালক কানা নন। আর তার দু চোখের মধ্যবর্তী স্থানে 'কাফির' লেখা থাকবে।"[4]

(৫) নাওয়াস ইবন সামআন (রা) বলেন:

(৪) আনাস ইবন মালিক (রা) বলেন, রাস্লুল্লাহ (ﷺ) বলেন:

ذَكَرَ رَسُولُ اللَّهِ عَلَيْ الدَّجَالَ ذَاتَ غَدَاةٍ فَحَفَّضَ فِيهِ وَرَفَّعَ حَتَّى ظَنَنَّاهُ فِي طَائِفَةِ النَّخْلِ ... إِنْ يَخْرُجْ وَلَسْتُ فِيكُمْ فَامْرُوَّ حَجِيجُ نَفْسِهِ وَاللَّهُ خَلِيفَتِى عَلَى كُلِّ مُسْلِمٍ إِنَّهُ شَابٌ قَطَطٌ عَيْنُهُ طَافِئَةٌ كَأَنِي أُشْبَهِهُ بِعَبْدِ الْعُزَّى بْنِ قَطَن فَمَنْ أَدْرَكَهُ مِنْكُمْ فَلْيَقْرَأْ عَلَيْهِ فَوَاتِحَ سُورَةِ الْكَهْفِ إِنَّهُ خَارِجٌ خَلَّةً بَيْنَ الشَّأْمِ وَالْعِرَاقِ فَعَاثَ يَمِينًا وَعَاثَ شِمَالاً يَا عِبَادَ اللَّهِ فَائْبُتُوا. قُلْنَا يَا رَسُولَ اللَّهِ وَمَا لَبْتُهُ فِي الأَرْضِ قَالَ: لَا مَا يُومُ كَشَهْرٍ وَيَوْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَجُمُعَةٍ وَسَائِرُ أَيَّامِكُمْ. قُلْنَا يَا رَسُولَ اللَّهِ وَمَا اللَّهِ فَذَلِكَ الْيَوْمُ الَّذِي كَسَنَةٍ أَرْفَى عَلَى الْقَوْمِ فَيَوْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَجُمُعَةٍ وَسَائِرُ أَيَّامِهِ كَأَيَّامِكُمْ. قُلْنَا يَا رَسُولَ اللَّهِ فَذَلِكَ الْيَوْمُ الَّذِي كَالْعَرْقِ فَعَالَ اللَّهِ وَيَوْمٌ كَشَهْرٍ وَيَوْمٌ كَجُمُعَةٍ وَسَائِرُ أَيَّامِهِ كَأَيَّامِكُمْ. قُلْنَا يَا رَسُولَ اللَّهِ وَمَا إِسْرَاعُهُ فِي الأَرْضِ قَالَ: كَالْغَيْثُ كَلَامَا فِي مَا إِسْرَاعُهُ فِي الأَرْضِ قَالَ: كَالْغَيْثُ الْتَيْ مَلَى الْقَوْمِ فَيَدْعُوهُمْ فَيُومُنُونَ بِهِ وَيَسْتَجِيبُونَ لَهُ فَيَأْمُلُ السَّمَاءَ فَتُمْطِرُ وَالأَرْضِ قَالَ: كَالْغَيْثِ السَّرَاعُةُ فِي الْأَرْضِ قَالَ: كَالْغَيْثِ السَّرَاعُةُ فَيَا أَوْلَ اللَّهُ وَمَا إِسْرَاعُهُ فِي الْأَرْضِ قَالَ: كَالْغَيْثُ وَلَا اللَّهُ وَمَا إِسْرَاعُهُ فِي الْأَرْضِ وَالأَرْضَ فَاللَاللَهِ فَاللَّهُ وَمَا إِسْرَاعُهُ فَي الْأَولُ وَالْأَرْضَ فَلَكُ اللَّهُ وَيَالُولُ اللَّهُ وَمَا إِلْسَالِهُ وَي الْمُولَ مَا كَانَتُ ذُرًا وَأَسْبَعُونَ بَي وَيُولُ اللَّهُ مَنْ أَمْولُ لِهُ فَيَلُولُ لَهُ فَيَلُولُ لَهُ فَي أَلُولُ لَهُ فَيَلُولُ فَي الْمُولُ وَاللَّهُ وَي الْمُولُ اللَّهُ فَيَلُولُ اللَّهُ فَي الْعَرْمُ وَالِهُ فَي عُمْ الْفُومُ وَلَو لَلُهُ وَلَا لَا اللَّهُ وَي أَلُولُ لَا الْمَعْرِقُ وَلَا لَا لَا الْمَالِهُ وَاللَهُ وَي الْمُولُ اللَّهُ وَلَا لَا اللَّهُ الْمُ اللَّهُ وَاللَّهُ وَلَا لَا اللَّهُ الْمُولُولُ اللَّهُ وَلَا لَا اللَّهُ الْمُول



كُنُوزك. فَتَبْعُهُ كُنُوزُهَا كَيَعَاسِيبِ النَّحْلِ ثُمَّ يَدْعُو رَجُلاً مُمْتَلِنًا شَبَابًا فَيَضْرِبُهُ بِالسَّيْف فَيَقْطَعُهُ جَزْلَتَيْنِ رَمْيَةَ الْمَعْرَضِ ثُمَّ يَدْعُوهُ فَيُقْبِلُ وَيَتَهَلَّلُ وَجُهُهُ يَضْحُكُ فَبَيْنَمَا هُوَ كَذَلِكَ إِذْ بَعَثَ اللَّهُ الْمَسِحَ اَبْنَ مَرْيَمَ فَيَنْزِلُ عِنْدَ الْمُنَارَةِ الْبَيْضَاءِ شَرْقِيَّ دِمَشْقَ بَيْنَ مَهْرُودَتَيْنِ وَاضِعًا كَقَيْهِ عَلَى أَجْدِة مَلَكَيْنِ إِذَا طَأْطاً رَأْسَهُ قَطَرَ وَإِذَا رَفَعَهُ الْمُنَارَةِ الْبَيْضَاءِ شَرْقِيَّ دِمَشْقَ بَيْنَ مَهْرُودَتَيْنِ وَاضِعًا كَقَيْهِ عَلَى أَجْدِة مَلَكَيْنِ إِذَا طَأْطاً رَأْسَهُ قَطَرَ وَإِذَا رَفَعَهُ يَدُركِهُ بِبَابِ لُدٌ فَيَقْتُلُهُ ثُمَّ يَأْتِي عِيسَى ابْنَ مَرْيَمَ قَوْمٌ قَدْ عَصِمَهُمُ اللَّهُ مِنْهُ فَيَمْسَحُ عَنْ وُجُوهِهِمْ وَيُحَدِّثُهُمْ بِرَرَجَاتِهِمْ فَيُدْرِكَهُ بِبَابِ لُدٌ فَيَقْتُلُهُ ثُمَّ يَأْتِي عِيسَى ابْنَ مَرْيَمَ قَوْمٌ قَدْ عَصِمَهُمُ اللَّهُ مِنْهُ فَيَمْسَحُ عَنْ وُجُوهِهِمْ وَيُحَدِّثُهُمْ بِرَرَجَاتِهِمْ يَدُوكُهُ بِبَابِ لُدٌ فَيَقْتُلُهُ ثُمَّ يَأَتْكُومُ وَمَ اللَّهُ إِلَى عِيسَى إِنِي قَدْ أَخْرَجْتُ عِبَادًا لِي لاَ يَدَانِ لاَّحَد بِقِتَالِهِمْ فَصَرَتُ اللَّهُ عَلَى الطُّورِ. وَيَبْعَثُ اللَّهُ يَأْمُلُ هُو يَوْمُ فَيَرْعُبَ بَيْنَا لَهُ عَلِيهُمْ وَيَوْمُ فَيَرْعُبُ بَيْنُ اللَّهُ عِيسَى وَأَصِدُونَ فَيَرْعَبُ مَنَ عَلَيْهُمُ النَّوْمِ فَيَوْمُ وَيَرُونَ فَيْرُعُبُ بَيْنُ اللَّهُ عِيسَى وَأَصْحَابُهُ فَيُرْعِلُ اللَّهُ عَلَيْمُ النَّغُفَ فِي وَلَا وَيُرُو فَي وَلَا مَرْمُ فَيَرْعُبُ مَا عَلَيْهُمُ النَّغُونَ وَلَا وَيُولُونَ فَيْرُعُنُ مِنْ فَيْرُعُبُ نَبِيُ اللَّهُ عِيسَى وَأَصْحَابُهُ إِلَى اللَّهُ عَلَيْهُمُ اللَّهُ عَلَيْهُمُ فَيَرْعُبُ نَبِي اللَّهُ عِيسَى وَأَصْحَابُهُ إِلَى اللَّهُ عَيْرُعُنَ وَلُونَ فَي الْمَثَولُ اللَّهُ عَلَيْهُمُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَيْمُ اللَّهُ عَلَى اللَّهُ الْمَالُولُ لِلْوَلُ مَلَا اللَّهُ الْمَالُهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَل

فَيَوْمَئِذِ تَأْكُلُ الْعِصَابَةُ مِنَ الرُّمَّانَةِ وَيَسْتَظِلُّونَ بِقِحْفِهَا وَيُبَارَكُ فِى الرِّسْلِ حَتَّى أَنَّ اللِّقْحَةَ مِنَ الإِبِلِ لَتَكْفِى الْفِئَامَ مِنَ النَّاسِ وَاللِّقْحَةَ مِنَ الْبَقَرِ لَتَكْفِى الْقَبِيلَةَ مِنَ النَّاسِ وَاللِّقْحَةَ مِنَ الْغَنَمِ لَتَكْفِى الْفَخِذَ مِنَ النَّاسِ فَبَيْنَمَا هُمْ كَذَلِكَ إِذْ بَعَثَ اللَّهُ رِيحًا طَيِّبَةً فَتَأْخُذُهُمْ تَحْتَ آبَاطِهِمْ فَتَقْبِضُ رُوحَ كُلِّ مُوْمِنٍ وَكُلِّ مُسْلِمٍ وَيَبْقَى شِرَارُ النَّاسِ يَتَهَارَجُونَ فِيهَا تَهَارُجَ الْحُمُّرِ فَعَلَيْهِمْ تَقُومُ السَّاعَةُ

"রাসূলুল্লাহ (ﷺ) একদিন সকালে দাজ্জালের কথা বললেন। তিনি উচ্চস্বরে ও নিম্নস্বরে এমন গুরুত্ব দিয়ে বললেন যে আমাদের মনে হলো দাজ্জাল খেজুরের বাগানের মধ্যে উপস্থিত.... তিনি আমাদের বলেন: আমি তোমাদের মাঝে থাকা অবস্থায় যদি দাজ্জালের আবির্ভাব হয় তবে তোমাদের পক্ষ থেকে আমিই তার সাথে বিতর্ক করব। আর যদি এমন অবস্থায় সে আসে যখন আমি তোমাদের মাঝে নেই তবে প্রত্যেক ব্যক্তি তার নিজের পক্ষ হয়ে বিতর্ক করবে। আর প্রত্যেক মুসলিমের জন্য আল্লাহ আমার খলীফা (স্থলাভিষিক্ত) থাকবেন। দাজ্জাল কোঁকড়ানো চুল ফোলা চোখ একজন যুবক। আমি যেন তাকে 'আব্দুল উয্যা ইবন কাতান' নামক লোকটির সাথে তুলনা করছি। তোমাদের কেউ যদি তাকে পায় তবে সে যেন তার কাছে সূরা কাহাফের প্রথম আয়াতগুলো পাঠ করে। সে সিরিয়া ও ইরাকের মধ্যবর্তী স্থানে বহির্ভূত হবে এবং ডানে-বামে অশান্তি-বিশৃঙ্খেলা ছড়াবে। হে আল্লাহর বান্দাগণ, তোমরা সুদৃঢ় থাকবে।

আমরা বললাম: সে কতদিন পৃথিবীতে থাকবে? তিনি বলেন: ৪০ দিন। প্রথম দিন এক বছরের মত। দ্বিতীয় দিন এক মাসের মত। তৃতীয় দিন এক সপ্তাহের মত। আর অবশিষ্ট দিনগুলো তোমাদের সাধারণ দিনের মত। আমরা বললাম: হে আল্লাহর রাসূল, এক বছরের মত যে দিন সে দিনে কি এক দিনের সালাত আদায় করলেই চলবে? তিনি বলেন: না, তোমরা সালাতের জন্য সময় হিসাব করে নিবে। আমরা বললাম: হে আল্লাহর রাসূল: পৃথিবীতে তার দ্রুতা কিরূপ? তিনি বলেন: ঝড়-তাড়িত মেঘের মত। সে এক জাতির নিকট এসে তাদেরকে দাওয়াত



দিবে। তখন তারা তার উপর ঈমান আনবে এবং তার ডাকে সাড়া দিবে। তখন তার নির্দেশে আকাশ থেকে বৃষ্টিপাত হবে, যমিনে ফল-ফসল জন্ম নেবে, তাদের পালিত পশুগুলোর আকৃতি ও দুধ সবই অস্বাভাবিক বৃদ্ধি পাবে। অতঃপর সে অন্য একটি জনগোষ্ঠীর নিকট গমন করবে এবং তাদেরকে দাওয়াত দিবে। তারা তাকে প্রত্যাখ্যান করবে। তখন সে তাদের নিকট থেকে ফিরে যাবে, কিন্তু তাদের যমিনগুলো অনুর্বর ফসলহীন হয়ে যাবে এবং তাদের হাতে তাদের সম্পদের কিছুই থাকবে না। সে পতিত ভূমি দিয়ে গমন করার সময় তাকে বলবে: তোমার সম্পদ-ভাগুর বের কর। তখন মৌমাছিরা যেমন রাণী মাছির পিছে পিছে চলে তেমনি খনিজ সম্পদগুলো তার পিছে পিছে চলবে। এরপর সে একজন যৌবনে পূর্ণ যুবককে ডেকে তাকে তরবারি দ্বরা দুখন্ড করবে এবং তীর নিক্ষেপের দূরত্বে ছুড়ে ফেলবে। এরপর তাকে ডাকবে। তখন সে হাস্যোজ্জ্বল মুখে তার দিকে এগিয়ে আসবে।

সে যখন এসব করবে তখন আল্লাহ মরিয়মের পুত্র ঈসা (আঃ)-কে প্রেরণ করবেন। তিনি দামেশকের পূর্ব দিকে সাদা মিনারার উপর অবতরণ করবেন। তাঁর পরিধানে থাকবে দুটি রঙিন কাপড়। তিনি তাঁর হাত দুটি দুজন ফিরিশতার পাঁখার উপর রেখে অবতরণ করবেন। তিনি মাথা নিচু করলে ফোঁটা ফোঁটা (ঘাম) পড়বে। আবার যখন মাথা উচু করবেন তখন মুক্তোর মত (ঘাম) পড়বে। যে কোনো কাফির তাঁর নিশ্বাস পেলেই মৃত্যুবরণ করবে। আর তাঁর দৃষ্টি যতদূর যাবে তাঁর নিশ্বাসও ততদূর যাবে। তিনি দাজ্জালকে খুঁজতে থাকবেন এবং 'বাব লুদ্দ' নামক স্থানে তাকে পেয়ে তাকে বধ করবেন। এরপর আল্লাহ যাদেরকে দাজ্জাল থেকে রক্ষা করেছেন এমন মানুষদের নিকট তিনি আগমন করবেন। তিনি তাদের মুখমণ্ডল মুছে দিবেন এবং জান্নাতে তাদের মর্যাদার বিষয়ে কথা বলবেন। এ অবস্থায় আল্লাহ মরিয়মের পুত্র ঈসা (আঃ)-কে ওহী করবেন যে, আমি আমার এমন একদল বান্দাকে বের করে দিয়েছি যাদের সাথে যুদ্ধ করার ক্ষমতা কারো নেই। কাজেই আমার বান্দাদেরকে নিয়ে পাহাড়ে চলে যাও। তখন আল্লাহ ইয়াজূজ -মাজূজকে প্রেরণ করবেন। সকল জনপদ দিয়ে তারা চলতে থাকবে। তাদের মধ্য থেকে যারা প্রথমে বের হবে তারা তাবারিয়া হ্রদে পৌঁছে হ্রদের সব পানি পান করবে। সব শেষে যারা সে পথ দিয়ে যাবে তারা বলবে: এখানে এক সময় পানি ছিল। আল্লাহর নবী ঈসা (আঃ) ও তাঁর সাথীরা অবরুদ্ধ থাকবেন। এমনকি একটি ষাড়ের মাথা তাদের কাছে ১০০ স্বর্ণমুদ্রার চেয়েও উত্তম বলে গণ্য হবে। তখন আল্লাহর নবী ঈসা (আঃ) ও তাঁর সাথীরা আল্লাহর কাছে দুআ করবেন। আল্লাহ ইয়াজুজ-মাজুজদের ঘাড়ে এক জাতীয় কীট প্রেরণ করবেন। ফলে তারা সকলেই একযোগে মহামারিতে মৃত্যুবরণ করবে। আল্লাহর নবী ঈসা (আঃ) ও তাঁর সাথীরা পৃথিবীতে নেবে আসবেন। কিন্ত পৃথিবীর এক বিঘত জমিও তাদের পঁচাগলা লাশ থেকে মুক্ত পাবেন না। তখন আল্লাহর নবী ঈসা (আঃ) ও তাঁর সাথীর আল্লাহর কাছে দুআ করবেন। এরপর আল্লাহ সর্বব্যাপী বৃষ্টি দান করবেন যা বাড়িঘর ও তাঁবুসহ পুরো পৃথিবী ধুয়ে আয়নার মত চকচকে করবে। এরপর যমিনকে বলা হবে: তোমার ফল-ফসল উৎপন্ন কর এবং তোমার বরকত বের কর। তখন একটি বেদানা একদল মানুষেরা ভক্ষণ করবে এবং তার খোসার ছায়া পেতে পারবে। আল্লাহ সম্পদে বরকত প্রদান করবেন। এমনকি একটি উটের দুধ একদল মানুষের চাহিদা মেটাবে, একটি গরুর দুধ একটি গোত্রের চাহিদা মেটাবে, একটি মেষ একদল মানুষের জন্য যথেষ্ট হবে। এ অবস্থা চলতে থাকবে। এমন সময়ে আল্লাহ একটি পবিত্র বায়ুপ্রবাহ প্রেরণ করবেন যা মানুষদের বগলের নিচে ধরবে এবং সকল মুমিন-মুসলিম ব্যক্তির প্রাণ গ্রহণ করবে। এরপর শুধু খারাপ মানুষগুলোই জীবিত থাকবে। তারা দুনিয়াতে গর্দভের মত অশস্নীলতায় মেতে উঠবে। এদের সময়ে কিয়ামত সংঘটিত হবে।[5] দাজ্জাল বিষয়ে আরো অনেক হাদীস বর্ণিত। এ বিষয়ক হাদীসগুলো থেকে জানা যায় যে, দুটি বিভ্রান্তির উপর এ



ফিতনার ভিত্তি: (১) অলৌকিকত্ব বা কারামত দেখে কাউকে 'অলৌকিক ব্যক্তিত্ব' বা 'ওলী' বলে বিশ্বাস করা এবং (২) ওলী বা কোনো মানুষের মধ্যে ঈশ্বরত্ব বা ঐশ্বরিক শক্তি থাকতে পারে বলে বিশ্বাস করা। আমরা দেখেছি যে, মুশরিক জাতিগুলোর শিরকের মূল কারণ এ দুটো বিষয়। অবতারত্ব, ফানা, বাকা ইত্যাদি অজুহাতে তারা মানুষের মধ্যে মহান আল্লাহ, তাঁর কোনো ক্ষমতা বা বিশেষণ মিশ্রিত বা প্রকাশিত হতে পারে বলে বিশ্বাস করেন। তাওহীদ বিষয়ক অজ্ঞতার কারণে বর্তমানে মুসলিম জনগোষ্ঠীগুলোর মধ্যেও এ দুটি বিশ্বাস ব্যাপক। বর্তমানে বিভিন্ন মুসলিম দেশে প্রায়ই নতুন নতুন 'ওলী বাবা' প্রকাশিত হন। কারামতের গল্প শুনে লক্ষলক্ষ মুসলিম এদেরকে 'অলৌকিক ক্ষমতাসম্পন্ন ওলী' বলে বিশ্বাস করেন। সাজদা, তাওয়াকুল, ভয়, আশা ইত্যাদি ইবাদতে তাদেরকে আল্লাহর সাথে শরীক করেন। এ সকল 'ক্ষুদ্র দাজ্জালের' ভক্তগণ বিশ্বাস করেন যে, ঝড়-বৃষ্টি, ধন-সম্পদ, জীবন-মৃত্যু সবই তাদের বাবা বা গুরুর ইচ্ছাধীন। এ সকল 'ক্ষুদ্র দাজ্জাল' মহা দাজ্জালকে গ্রহণ করার প্রেক্ষাপট তৈরি করছে। যারা ছোট দাজ্জালদেরকে 'কারামতের গল্প' শুনেই মেনে নিচ্ছেন, স্বভাবতই 'কানা দাজ্জাল'-এর মহা 'কারামত' দেখে তাকে বিনা দ্বিধায় মেনে নিবেন। এমনকি যারা ছোট দাজ্জালদের বিশ্বাস করে নি তারাও কানা দাজ্জালের মহা 'কারামত' দেখে বিভ্রান্ত হয়ে যাবে। শুধু তাওহীদ ও রিসালাতের গভীর ঈমান এবং মহান আল্লাহর তাওফীক ও রহমতই মুমিনকে এ ফিতনা থেকে রক্ষা করবে।

মহান আল্লাহ বান্দাদের পরীক্ষার জন্য দাজ্জালকে কিছু ক্ষমতা প্রদানের সাথে সাথে তার অক্ষমতা প্রকাশিত রাখবেন। সে নিজের নষ্ট চক্ষুটি ভাল করতে সক্ষম হবে না। যেন সচেতন মুমিন বুঝতে পারেন যে, সে সীমাবদ্ধ ক্ষমতার সৃষ্টি মাত্র। কিন্তু ঈমানের গভীরতা না থাকলে এ সীমাবদ্ধতা মানুষের দৃষ্টি এড়িয়ে যায় অথবা ভক্তিভরে তা ব্যাখ্যা করে। যেমন বর্তমানের ক্ষুদ্র দাজ্জালদের ভক্তগণ তাদের গুরুদের অক্ষমতা ব্যাখ্যা করে।

অতীত ও বর্তমানে বিভিন্ন বিভ্রান্ত দল দাজ্জাল বিষয়ক হাদীসগুলোকে রূপক অর্থে গ্রহণ করে নানা প্রকার উদ্ভূট ব্যাখ্যা করেছে। তারা দাজ্জাল বলতে কোনো নির্দিষ্ট ব্যক্তির অস্তিত্ব অস্বীকার করেছে। এ প্রসঙ্গে ইমাম নববী (৭৬৭ হি) বলেন: "কায়ী ইয়ায (৫৪৪ হি) বলেন: "মুসলিম এবং অন্যান্য মুহাদ্দিস দাজ্জালের বিষয়ে যে সকল হাদীস উদ্ধৃত করেছেন সেগুলো হক্কপন্থীদের দলীল। তারা দাজ্জালের অসিত্মত্বে বিশ্বাস করেন এবং বিশ্বাস করেন যে, দাজ্জাল বলতে একজন নির্দিষ্ট ব্যক্তিকে বুঝানো হয়েছে, যার দ্বারা আল্লাহ তাঁর বান্দাদেরকে পরীক্ষা করবেন এবং যাকে তাঁর ক্ষমতাধীন কিছু বিষয়ের ক্ষমতা প্রদান করবেন।... ঈসা (আঃ) তাকে হত্যা করবেন। এটিই আহলুস সুন্নাত এবং সকল মুহাদ্দিস, ফকীহ ও গবেষকের মত। খারিজীগণ, জাহমীগণ এবং মুতাযিলীদের কেউ কেউ দাজ্জালের বিষয়েটি অস্বীকার করেছেন....।"[6]

মুমিনের দায়িত্ব সহীহ সনদে বর্ণিত হাদীসগুলো সরল ও বাহ্যিক অর্থে বিশ্বাস করা এবং রাসূলুল্লাহ (ﷺ) এর শিক্ষা অনুসারে দাজ্জালের ফিতনা থেকে সংরক্ষণের জন্য দুআ করা। বিভিন্ন হাদীসে তিনি দাজ্জালের ফিতনা থেকে রক্ষা পাওয়ার দুআ শিথিয়েছেন এবং সূরা কাহ্ফ-এর প্রথম দশটি আয়াত মুখস্থ ও পাঠ করতে নির্দেশ দিয়েছেন। এ বিষয়ক কয়েকটি দুআ 'রাহে বেলায়াত' গ্রন্থে উল্লেখ করেছি।

ফুটনোট

[1] বুখারী, আস-সহীহ ৩/১২১৪, ৬/২৬০৭; মুসলিম আস- সহীহ ৪/২২৪৫ (কিতাবুল ফিতান ওয়া আশরাতুস সাআ, বাবু যিকরি ইবনিস সাইয়াদ, নং ১৬৯)



- [2] মুসলিম, আস-সহীহ ৪/২২৫০ (কিতাবুল ফিতান..., যিকরিদ্দাজ্জাল)
- [3] বুখারী, আস-সহীহ ৬/২৬০৮; মুসলিম, আস-সহীহ ৪/২২৫৬।
- [4] বুখারী, আস-সহীহ ৬/২৬৯৫; মুসলিম ৪/২২৪৮।
- [5] মুসলিম, আস-সহীহ ৪/২২৫১-২২৫৫।
- [6] নববী, শারহ সহীহ মুসলিম ১৮/৫৮।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7285

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন